

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(মাননীয় মন্ত্রীর দপ্তর)
প্রেস রিলিজ

ডেঙ্গু মোকাবিলায় আন্তরিকভাবে কাজ করছে সরকার -স্থানীয় সরকার মন্ত্রী

ঢাকা, ২৪ অক্টোবর ২০২২, সোমবার।

সরকার ডেঙ্গু পরিস্থিতি মোকাবিলার জন্য আন্তরিকভাবে কাজ করছে। আক্রান্তের সংখ্যা বাড়া ও কিছু মৃত্যুতে আমরা ব্যথিত। সোমবার সকালে বাংলাদেশ জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় জাতিসংঘ দিবস পালন উপলক্ষে Clean up Campaign-এর উদ্বোধন অনুষ্ঠানে এসব কথা বলেন, স্থানীয় সরকার মন্ত্রী মোঃ তাজুল ইসলাম।

মন্ত্রী বলেন, অভিজ্ঞতার আলোকে নতুন নতুন পদক্ষেপ নেয়া হচ্ছে। সিটি কর্পোরেশনের পক্ষ থেকে নানা উদ্যোগ নেয়া হচ্ছে। মশা মারার ঔষধ প্রয়োগসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

স্থানীয় সরকার মন্ত্রী আরো বলেন, এই বছর আগের তুলনায় আবহাওয়ার ভিন্নতা পরিলক্ষিত হচ্ছে। এখন থেমে থেমে বৃষ্টি হওয়ার ফলে ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি হচ্ছে। এডিস মশা মোকাবিলা করতে আমাদের সচেতনতা বৃদ্ধির সাথে সম্মিলিতভাবে উদ্যোগ গ্রহণ অব্যাহত রাখতে হবে।

জাতিসংঘ দিবস পালন উপলক্ষে Clean up Campaign-অনুষ্ঠানে বিশেষ অতিথি বাংলাদেশ স্কাউটের প্রধান জাতীয় কমিশনার ড. মোঃ মোজাম্মেল হক খানসহ জাতিসংঘের বিভিন্ন দেশের ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-

মোঃ রুবেল রানা
জনসংযোগ কর্মকর্তা
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
মোবাইল-০১৫২১৫১৭২৯৩
[ইমেইল-pro.lgd20@gmail.com](mailto:pro.lgd20@gmail.com)

সম্মানিত বার্তা সম্পাদক/চিফ রিপোর্টার/সি, ডিপিআইও(প্রেস)
সকল সংবাদ মাধ্যম/পিআইডি।

